

أعوذ بالله من الشيطان الرجيم

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

(Book# 114/ن)

www.motaher21.net

جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا

সেই বাগানের ন্যায় যা উচ্চভূমিতে অবস্থিত,

That is like a garden at high...

সুরা: আল-বাক্বারাহ

আয়াত নং :-২৬৫

وَمَثَلُ الَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَ تَثْبِيْتًا مِّنْ أَنْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍ بِرَبْوَةٍ أَصَابَهَا وَابِلٌ فَآتَتْ أُكُوفَهَا ضِعْفَيْنِ فَإِن لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ

বিপরীত পক্ষে যারা পূর্ণ মানসিক একাগ্রতা ও অবিচলতা সহকারে একমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জনের লক্ষে তাদের ধন-সম্পদ ব্যয় করে, তাদের এই ব্যয়ের দৃষ্টান্ত হচ্ছেঃ কোন উচ্চ ভূমিতে একটি বাগান, প্রবল বৃষ্টিপাত হলে সেখানে দ্বিগুণ ফলন হয়। আর প্রবল বৃষ্টিপাত না হলে সামান্য হালকা বৃষ্টিপাতই তার জন্য যথেষ্ট। আর তোমরা যা কিছু করো সবই আল্লাহর দৃষ্টি সীমার মধ্যে রয়েছে।

২৬৫ নং আয়াতের তাফসীর:

যারা মানুষকে খুশি করার জন্য, আর যারা মানুষের বাহবা ও দুনিয়া হাসিলের জন্য দান করে এবং দান করে খোঁটা ও কষ্ট দেয় তাদের বর্ণনার পর যারা একমাত্র আল্লাহ তা 'আলাকে খুশি করার জন্য দান করে তাদের সুন্দর উপমা দিচ্ছেন। যারা আল্লাহ তা 'আলার সন্তুষ্টির জন্য এবং নিজেদের (ঈমানকে) দৃঢ় করার জন্য তাদের মাল খরচ করে তাদের উদাহরণ হচ্ছে- উর্বর জমিতে অবস্থিত একটি বাগান, তাতে প্রবল বৃষ্টিপাত হয়। ফলে তা দ্বিগুণ খাদ্যশস্য উৎপন্ন করে। যদি প্রবল বৃষ্টি নাও হয়, তবে অল্প বৃষ্টিই যথেষ্ট হয়ে যায়। অর্থাৎ তাদের দানের প্রতিদান অবশ্যই থাকবে, কোনক্রমেই তাদের দান বৃথা যাবে না।

প্রবল বৃষ্টিপাত বলতে এমন দান-খয়রাতকে বুঝানো হয়েছে যার পেছনে থাকে চরম কল্যাণাকাংখা ও পূর্ণ সদিচ্ছা। আর হালকা বৃষ্টিপাত বলতে কল্যাণ আকাংখার তীব্রতাবিহীন দান-খয়রাতকে বুঝানো হয়েছে।

এটা সেই ঈমানদারদের দৃষ্টান্ত, যারা আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য দান করে থাকে। তাদের দানকৃত সম্পদ সেই বাগানের মত, যা কোন উঁচু জায়গায় অবস্থিত, তাতে প্রবল বৃষ্টি হলে দ্বিগুণ ফসল দেয়। আর প্রবল বৃষ্টি না হলেও হালকা বর্ষণ এবং শিশিরও তার জন্য যথেষ্ট হয়। অনুরূপ তাদের সাদাকা-খয়রাত যতই কম হোক না কেন আল্লাহর নিকট তা কয়েক গুণ প্রতিদান ও নেকীর কারণ হবে। 'জান্নাত' বা বাগান এমন ভূমিকে বলা হয়, যাতে এত সংখ্যায় বৃক্ষাদি থাকে যে তা পুরো ভূমিকে ঢেকে নেয়। অথবা 'জান্নাত' এমন বাগান যার চতুর্দিক এমনভাবে ঘেরা-বেড়া থাকে যে, তার ফলে বাগান দৃষ্টিগোচর হয় না। جَنَّاتُ জান্নাত শব্দটি جَنَّ ধাতু থেকে গঠিত, (যার অর্থ ঢাকা বা অদৃশ্য হওয়া)। এ জন্যই জ্বিন এমন সৃষ্টির নাম যা দেখা যায় না। পেটের শিশুকেও 'জানীন' বলা হয় কারণ তাও দেখা যায় না। পাগলামিকে 'জুনুন' বলে আখ্যায়িত করা হয়, কারণ তার বুদ্ধির উপর পর্দা পড়ে যায়। আর জান্নাতকেও এই জন্যই জান্নাত বলা হয় যে তা রয়েছে দৃষ্টির অগোচরে। رِيَّةُ উঁচু ভূমিকে বলে। আর وَابِلٌ অর্থ প্রবল বৃষ্টি।

খোটামুক্ত দানের উপমা

এখানে মহান আল্লাহ্ ঐ মু' মিনদের দানের দৃষ্টান্ত দিচ্ছেন যারা তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে দান করে থাকেন এবং উত্তম প্রতিদান লাভেরও তাঁদের পূর্ণ বিশ্বাস থাকে। যেমন হাদীসে রয়েছে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

مَنْ صَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا، غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ.

‘যে ব্যক্তি বিশ্বাস রেখে ও সৎ নিয়তে রামাযানের সাওম রাখে তার পূর্বের সমস্ত গুনাহ ক্ষমা করে দেয়া হয়। (হাদীসটি সহীহ। সহীহুল বুখারী-১/১১৫/৩৮, ৪/১৩৫, ৪/১৩৮/১৯০১, ফাতহুল বারী ৪/৩০০, সহীহ মুসলিম-১/৫২৩/১৭৫, সুনান আবু দাউদ-২/৪৯/১৩৭২, জামি 'তিরমিযী-৩/৬৮৭, সুনান নাসাই - ৪/৪৬৬/২২০২, মুসনাদ আহমাদ -২/২৩২)

